ইত্তেফাক

290

তারিখ ..29।1।86.
পৃষ্ঠা ... 2 কলাম 8

# শৈলী প্রাথমিক বিদ্যালয়ের মঞ্জুরী চাই

যশোর জেলার মনিরামপুর থানার অন্তর্গত ৮নং হরিহরনগর ইউনিয়নে অবস্থিত শৈলী বেসরকারী প্রাথমিক বিদ্যালয়টি ডি, পি, আই, খুলনা বিভাগে রেজিষ্ট্রীকৃত একটি শিক্ষা প্রতিষ্ঠান। বিগত ৩০।৩২ বৎসর যাবৎ দরিদ্র জনসাধারণের দানে বিদ্যালয়টি পরিচালিত হইয়া আসিতেছে। এতদঞ্চলের ছাত্র-ছাত্রীদের বিদ্যাশিক্ষার ইহাই একমাত্র প্রতিষ্ঠান। আমরা দীর্ঘদিন যাবৎ এই বিদ্যালয়টিকে সরকারীকরণের দাবী জানাইয়া আসিতেছি। জেলা ও থানা শিক্ষা পরিদর্শকগণ বিগত ১৯৫৬ সন হইতে ১৯৭৯ সন পর্যন্ত বিদ্যালয়টি নিয়মিত পরিদর্শন করিয়া সন্তোষজনক রিপোর্ট এবং মঞ্জুরী দানের আশ্বাস দিয়াছেন। একটি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের মঞ্জুরী পাইবার জন্য বিদ্যালয়টির নামে ৫৪ শতক জমি রেজিষ্টারী করিয়া দেওয়া হইয়াছে। বিদ্যালয়টি পাকাও করা হইয়াছে এবং উপযুক্ত শিক্ষকবৃন্দ দ্বারা শিক্ষাদান করা হইয়া থাকে।

কর্তৃপক্ষের নিকট আবেদন, অবিলম্বে বিদ্যালয়টিকে সরকারী মঞ্জুরী দান করিয়া এই এলাকার ছাত্র-ছাত্রীর শিক্ষার পথ সুগম করিয়া দেওয়া হউক।

—সৈয়দ বশির আহমদ, গ্রাম: শৈলী, পোঃ খেদাপাড়া, জেলা: যশোহর।